[illegible]

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

NOV. 20 2002


# ঢাবি ক্যাম্পাসে ছাত্রলীগের দু'গ্রুপের মধ্যে উত্তেজনা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আভ্যন্তরীণ কোন্দলের জের ধরে গতকাল (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের দু'গ্রুপ নেতা-কর্মীর মাঝে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরে বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দের হস্তক্ষেপে পরিস্থিতি শান্ত হয়।

ক্যাম্পাস সূত্র জানায়, ছাত্রলীগ থেকে বহিষ্কৃত এক নেতার সমর্থিত নেতা-কর্মীরা গতকাল বেলা সাড়ে ১১টার দিকে সাবেক ঢাকা বিশ্ববিদ্যালয় সভাপতি ও কেন্দ্রীয় সদস্য বেগ শাহীন জাহানের ওপর চড়াও হয়। বিভিন্ন হলের নেতৃবৃন্দ এ সময় বাধা দিলে. দু'গ্রুপের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। পরে বিশ্ববিদ্যালয় শাখার নেতৃবৃন্দ নেতা-কর্মীদের শান্ত করেন। ইতিপূর্বে গত কয়েক মাস আগে আভ্যন্তরীণ কোন্দলের জের ধরে ছাত্রলীগ নেতা বেগ শাহীন জাহানকে শারীরিকভাবে লাঞ্ছিত করা হয়েছিল।